NIS - ২.৪ (২য় কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

নম্বর ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.৮৫

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০
১১ সেপ্টেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভার নোটিশ।**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ১৩/০৯/২০২৩ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী এর মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের আগস্ট/২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. ফার্মিং পদ্ধতিতে ২৪০ বিঘা তুঁতজমিতে রোপণ সহায়তার লক্ষমাত্রা নির্ধারণ।
৫. বিবিধ।

১১-৯-২০২৩
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৮৮৮-৫০৯৬২
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২
ইমেইল: lutforbsb@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, আইএমইডি (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
২) সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।, সচিব,

৩) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৪) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৫) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৬) পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৭) পরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৮) সদস্য, সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৯) সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১০) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১১) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১২) প্রকল্প পরিচালক, "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প

১৩) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১৪) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১৫) কেয়ার টেকার, প্রশাসন (সভায় আপ্যায়নের জন্য অনুরোধ করা হলো।)

১৬) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (জুম প্লাটফর্মের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

পরিকল্পনা শাখা

www.bsb.gov.bd

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.৮৮

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০

২৪ সেপ্টেম্বর ২০২৩

**"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ আনওয়ার হোসেন, মহাপরিচালক

সভার তারিখ : ১৩/০৯/২০২৩ ইং

সময় : বেলা ১১.০০ ঘটিকা

স্থান : বাংলাদেশ রেশম উন্নয়নের বোর্ডের সম্মেলন কক্ষ

উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশিত করা হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব কে অনুরোধ জানান। সদস্য-সচিব বিগত ০৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়িকরণ করা হয়। সদস্য সচিব জানান দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে"বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)"শীর্ষক প্রকল্পটি ৪৯৭৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০২১ হতে জুন, ২০২৪ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি সরকার কর্তৃক অনুমোদিত হয়। এছাড়া তিনি আরো জানান, প্রকল্পটি গত ১৮/০৭/২০২১ তারিখে ২৯২নং স্মারকে অনুমোদিত হয়েছে। সভায় প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের শুরু থেকে আগস্ট/২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১০২৯.৩১ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ২০.৬৯% এবং বাস্তব অগ্রগতি ৩০%। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ রয়েছে ১৩০০.০০ লক্ষ টাকা। ১ম কিস্তির ৩২৫.০০ লক্ষ টাকা ২৭/০৮/২০২৩ তারিখে জিও ইস্যু হয়েছে। এখন পর্যন্ত অর্থ ছাড় হয়নি। চলতি অর্থ বছরের আগস্ট/২৩ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি। তবে ৫% বাস্তব অগ্রগতি সম্পাদিত হয়েছে।

প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২৩-২৪ অর্থ বছরে ''বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ের কার্যালয় হতে ফার্মিং পদ্ধতিতে তুঁতচাষ করার লক্ষ্যে নিম্নবর্ণিত ২৪০ জন রেশম চাষী/উদ্যোক্তার তালিকা পাওয়া গেছে। উক্ত তালিকা ডিপিপি এর নির্দেশনা অনুযায়ী এ সভায় অনুমোদন প্রয়োজন। এছাড়া তিনি আরও বলেন চলতি ২০২৩-২৪ অর্থ বছরে এপিএ র লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬৫ বিঘা জমিতে ৩.২৫ লক্ষ তুঁতচারা উৎপাদন করে রেশম চাষীদের মাঝে বিতরণ করা হবে এবং ১,৫০০ জন রেশম চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

| প্রকল্প এলাকা | চাষীর সংখ্যা | জমির পরিমাণ |
|---|---|---|
| রংপুর সম্প্রসারণ এলাকা | ৫০ জন | ৫০ বিঘা |
| রাজশাহী সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| ঢাকা সম্প্রসারণ এলাকা | ১০ জন | ১০ বিঘা |
| ভোলাহাট সম্প্রসারণ এলাকা | ৪০ জন | ৪০ বিঘা |

| | | |
|---|---|---|
| ঠাকুরগাঁও সম্প্রসারণ এলাকা | ২৫ জন | ২৫ বিঘা |
| সিরাজগঞ্জ সম্প্রসারণ এলাকা | ৪৫ জন | ৪৫ বিঘা |
| বগুড়া সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| গোপালগঞ্জ সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| গাজীপুর সম্প্রসারণ এলাকা | ১০ জন | ১০ বিঘা |
| **মোট** | **২৪০ জন** | **২৪০ বিঘা** |

শিল্প ও শক্তি কার্যক্রম বিভাগের প্রতিনিধি জনাব মিথুন দীপ পাল ,গবেষণা কর্মকর্তা জানান যে সকল জমি ফার্মিং পদ্ধতিতে নির্বাচন করা হয়েছে সে সকল জমিতে তুঁতগাছ রোপণের স্থির চিত্র সভায় দেখানো যেতে পারে।
অর্থ বিভাগের প্রতিনিধি জনাব মো: রুহুল আমিন উপ সচিব জানান ফার্মিং পদ্ধতিতে যে জমি র্নিবাচন করা হয়েছে সে জমি বর্তমানে কি অবস্থায় আছে তার প্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান যে জমিগুলো উচু এবং চাষযোগ্য অনান্য ফসলের জমি, সে জমিতে অক্টোবর-নভেম্বর মাসে ফার্মিং পদ্ধতিতে তুঁতচারা রোপন করা হবে ।

আইএমইডি বিভাগের প্রতিনিধি জনাব হেলাল খান জানান, যাদের জমি র্নিবাচন করা হচ্ছে তাদের নাম; ঠিকানা ও মোবাইল নম্বর সংযোজন করা প্রয়োজন। প্রয়োজনে তালিকা ভেরিফিকেশন করা যেতে পারে। তিনি চাষী র্নিবাচন কিভাবে র্নিবাচন করা হয় তা জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান প্রাথমিক পর্যায়ে মাঠ পর্যায়ের কর্মকর্তা ম্যানেজার (সম্প্রসারণ) তাঁর আওতাধীন সম্প্রসারণ এলাকায় জরিপ করে প্রাথমিক তালিকা চুড়ান্ত করেন। এরপর সংশ্লিষ্ট ডিডি/এডিগণ তা সরেজমিনে পরিদর্শন করে চুড়ান্ত তালিকা করেন। অতঃপর প্রকল্প পরিচালক দৈব চয়নের ভিত্তিতে তালিকা অনুযায়ী জমি পরিদর্শনপূর্বক নির্ধারণ করেন। সভাপতি প্রকল্পের সার্বিক কার্যক্রম নিধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

১। ফার্মিং পদ্ধতিতে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে তুঁতচাষের আওতায় ২৪০ জন চাষীর তালিকা অনুমোদন করা হলো।

২। ফার্মিং পদ্ধতিতে চাষী নির্বাচনের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি ২০২৩-২৪ অর্থবছরের এডিপি বরাদ্দ মোতাবেক শতভাগ কাজ বাস্তবায়ন করতে হবে।

৩।চলতি ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে হবে।

৪। চলতি ২০২৩-২৪ অর্থবছরে ফার্মিং পদ্ধতিতে রোপিত রেশম চাষী/উদ্যোক্তাদের মোবাইল নম্বরসহ তালিকা সভায় প্রদর্শন করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১-১০-২০২৩

মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
ফোন: ০২৫৮৮৮-৫৫৮১৬
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২

ইমেইল: bsb.raj.bd@gmail.com

নম্বর: ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.৮৮/১(১২)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) সচিব , অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়

৩) উপসচিব , পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৪) পরিচালক , অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৫) পরিচালক(সম্প্রসারণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৬) সিনিয়র সহকারী সচিব , পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৭) প্রধান, সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন

৮) প্রধান, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন

৯) প্রধান , (সংযুক্ত) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

১০) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) , সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১১) নির্বাহী প্রকৌশলী , উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

১২) পি,এ -টু-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

১-১০-২০২৩
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## রাজশাহী

১৩/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের স্বাক্ষর

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | এম. এ. মান্নান পিএইচ.ডি | পরিচালক (গবেষণা) | [signature] ১৩/০৯/২৩ |
| ২. | মোহাম্মদ এমদাদুল বারী | পরিচালক (সম্প্রসারণ) | [signature] ১৩/০৯/২৩ |
| ৩. | মোঃ লুৎফর রহমান তালুকদার | নির্বাহী প্রকৌশলী | [signature] ১৩/৯/২৩ |
| ৪. | গোপাল চন্দ্র দাস | যুগ্ম সচিব (পরিঃ) বস্ত্র ও পাট মন্ত্রণালয় | জুমে সংযুক্ত |
| ৫. | আছিয়া খাতুন | সিনিয়র সহকারী সচিব, বস্ত্র | জুমে সংযুক্ত |
| ৬. | মোঃ রুহুল আমিন | উপসচিব অর্থ বিভাগ | জুমে সংযুক্ত |
| ৭. | মোঃ হেলাল খান | মূল্যায়ন কর্মকর্তা আইএমইডি | জুমে সংযুক্ত |
| ৮. | মোঃ আবুল কাশেম আজাদ | সিনিয়র সহকারী সচিব, এনইসি-একনেক | জুমে সংযুক্ত |
| ৯. | মিঠুন দীপ পাল | গবেষণা কর্মকর্তা [illegible] বিভাগ | জুমে সংযুক্ত |
| ১০. | ড. মোঃ [illegible] | উপপ্রধান পরিকল্পনা কর্মকর্তা | [signature] ১৩/০৯/২৩ |
| ১১. | মোহাম্মদ সাইফুল্লাহ | প্রতিনিধি (অ.দা.) | [signature] ১৩/০৯/২৩ |
| ১২. | মো. তাকিবুর রহমান | উপপরিচালক | [signature] ১৩/০৯/২৩ |
| ১৩. | মোসা: ফাতেমা নাহার | [illegible] কর্মকর্তা | [signature] ১৩/০৯/২৩ |
| ১৪. | মো: [illegible] | [illegible] | [signature] |
| ১৫. | মোঃ আব্দুল মতিন ভূঁইয়া | গবেষণা কর্মকর্তা শিল্প ও শক্তি বিভাগ | জুমে সংযুক্ত |